

ক্যামিলি জাস্টিস সেন্টার কি?

Brooklyn, Bronx এবং Queens স্থিত নিউ ইয়র্ক সিটি ক্যামিলি জাস্টিস সেন্টার অর্থাৎ পারিবারিক ন্যায়বিচারের কেন্দ্রগুলি যারা পারিবারিক হিংস্রতার শিকার তাদের ও তাদের সন্তানদের জন্য ওয়াক-ইন সেন্টার অর্থাৎ যে কোন সময় তারা সাহায্যের জন্য এই কেন্দ্রগুলিতে যেতে পারেন। আপনার জন্য সাহায্য আরো সহজসাধ্য করতে, এই সেন্টার বা কেন্দ্রগুলিতে অনেকগুলি সংস্থা আছে। এই পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয় ও পারিবারিক হিংস্রতার শিকার সবার জন্য এইটি উপলব্ধ আপনি যে ভাষাতেই কথা বলুন না কেন, আমরা আপনাকে সাহায্য করতে পারি।

এই সেন্টারগুলিতে গেলে আপনি সম্পূর্ণ নিরাপদ ও যত্নশীল পরিবেশের প্রত্যাশা রাখতে পারেন, আপনাকে ব্যক্তিগতভাবে পরিষেবা দেওয়া ও সাহায্য করা হবে। এই সেন্টারে প্রথমবার যাওয়ামাত্র একজন ক্লায়েন্ট স্পেশালিস্টের সঙ্গে আপনার দেখা হবে, আপনার যে পরিষেবা দরকার সে বিষয়ে তিনি আপনার সঙ্গে আলোচনা করবেন। এর পর ক্লায়েন্ট স্পেশালিস্ট আপনাকে কেস ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন, তিনি সেন্টারে আপনাকে গাইড করবেন।

যে বিন্ডিং এই সেন্টারগুলি আছে সেগুলি সম্পূর্ণ সুরক্ষিত যাতে আপনার নিরাপত্তা সুনিশ্চিত করা যায়। চেক ইন করার জন্য আপনার লবি-তে সিকিউরিটি ডেস্কে যেতে হবে। এর পর সেন্টারে প্রবেশের আগে আপনাকে একটা মেটাল ডিটেক্টর মধ্যে দিয়ে চুকতে বলা হবে। অনুগ্রহ করে নিজের পরিচয়সূচক ছবি সঙ্গে আনবেন।

প্রত্যেকের এমন বাড়িতে বসবাস করার অধিকার আছে যেখানে সে সম্পূর্ণ নিরাপদ অনুভব করে। আপনি একা নন। নিউ ইয়র্ক সিটি ক্যামিলি জাস্টিস সেন্টার আপনাকে সাহায্য করার জন্য উপস্থিত।

ক্যামিলি জাস্টিস সেন্টার কিভাবে আমাকে সাহায্য করতে পারে?

কেস ম্যানেজমেন্ট আপনি কেস ম্যানেজারের সঙ্গে দেখা করে কিভাবে নিরাপদ থাকা যায় তা আলোচনা করতে পারেন ও সেন্টারে কোন পরিষেবাগুলি আপনাকে সাহায্য করতে পারে তা জেনে নিতে পারেন।

উপদেশ আপনার ও আপনার সন্তানদের জন্য উপদেশ ও পরামর্শের সুব্যবস্থা আছে। সেন্টারে একক পরামর্শ ও সাহায্য দল উভয়েই অথবা দুটোই পাওয়া যায়।

আইনী তথ্য নিরাপত্তা, দেখাসাক্ষাত করা ও অভিযানের মত আইনী বিষয়ের সম্বন্ধে আপনার সঙ্গে কথা বলার জন্য আইনজীবী এবং প্যারালিগাল উপলব্ধ রয়েছে।

পুলিশ এই সেন্টারে নিউ ইয়র্ক পুলিশ বিভাগের ডোমেস্টিক ভায়োলেন্স প্রিভেনশন অফিসার অপরাধের রিপোর্ট করায় আপনাকে সাহায্য করবেন বা আপনি যাতে সুরক্ষিত থাকতে পারেন সে ব্যাপারে পুলিশ আপনাকে কিভাবে সাহায্য করতে পারে তার তথ্য জানাবেন।

প্রবেশন যে ব্যক্তি আপনার উপর অত্যাচার করছেন তিনি বর্তমানে প্রবেশনে অর্থাৎ অবৈধভাবে থাকলে একজন প্রবেশন অফিসার আপনাকে সাহায্য করতে পারেন।

মামলা রুজু করা এই সেন্টারে জেলা অ্যাটর্নির অফিসের ডোমেস্টিক ভায়োলেন্স বিউরো আছে এবং আপনার সঙ্গে কাজ করবে কারণ পারিবারিক হিংস্রতা আইনত অপরাধ। অপরাধে ন্যায়বিচার ব্যবস্থা সম্বন্ধে আপনার কোনরকম প্রশ্ন থাকলে প্রসেকিউটর (অভিশংসক) তার উত্তর দিতে পারবেন।

ছোটদের রুম আপনি যখন সেন্টারে সাহায্য নেবেন সেই সময় আপনার 3 বছর বয়স বা তার চেয়ে বড় সন্তাররা ছোটদের জন্য যে চিল্ড্রেন রুম আছে সেখানে খেলাধুলা করতে পারে।

বয়স্কদের প্রতি অত্যাচারে পরিষেবা আপনার বয়স্কদের অত্যাচারের অভিজ্ঞতা হয়ে থাকলে সমাজসেবী, উকিল ও জেলা অ্যাটর্নী আপনাকে সাহায্য করার জন্য উপস্থিত।

স্বাভাবিক পরিষেবা মেল্ক সাফিসিয়েন্সি কোর্ডিনেটর আপনাকে সার্বজনীন সহায়তার তথ্য, চাকরির প্রশিক্ষণ ও শিক্ষার কর্মসূচির বিষয়ে সাহায্য করতে পারে।

আধ্যাত্মিক সাহায্য আপনি যদি অনুরোধ করেন তাহলে সেন্টারের স্বেচ্ছাসেবী ধর্মনেতা আপনাকে সাহায্য করবেন।

নির্দেশ

ক্যামিলি জাস্টিস সেন্টার ওয়াক-ইন কেন্দ্র। আপনি যদি অবিচ্ছেদ্য পরিষেবার জন্য ফিরে আসেন, তাহলে নিম্নোক্ত তালিকার নম্বরে ফোন করে ফলো-আপ অ্যাপয়েন্টমেন্টের জন্য সময় নিয়ে নিন।

<p>BRONX FAMILY JUSTICE CENTER 198 East 161st Street, 2nd Floor Bronx, NY 10451</p>	<p>BROOKLYN FAMILY JUSTICE CENTER 350 Jay Street, 15th Floor Brooklyn, NY 11201</p>	<p>QUEENS FAMILY JUSTICE CENTER 126-02 82nd Avenue Kew Gardens, NY 11415</p>
<p>সাবওয়ে: 4, D, বা B ট্রেন নিয়ে 161 st Street Yankee Stadium স্টেশনে যান। ই. E. 161 st Street ও River Avenue যেখানে গিয়ে একত্র হয়েছে সেখান থেকে বাইরে আসুন। পূর্বমুখী হয়ে 161st Street ধরে গ্রান্ড কনকোর্সের দিকে হাঁটতে থাকুন। E. 161st Street ও Sheridan Avenue তে এই সেন্টার অবস্থিত। বাস: BX1, BX2, BX6, এবং BX13 সেন্টারের কাছে এসে দাঁড়ায়। কাজের সময়: সোমবার থেকে শূক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00 টা পর্যন্ত। ফলো আপ অ্যাপয়েন্টমেন্ট নিতে ফোন করুন: (718) 508-1222</p>	<p>সাবওয়ে: A, C, F বা R ট্রেন নিয়ে Jay Street/Metro Tech-এ যান; 2, 3, 4, বা 5 ট্রেন নিয়ে Borough Hall-এ যান। বাস: B25, B26, B38, B51, B54, B57, B61, B65, B67, এবং B75 বাসগুলি সেন্টারের কাছে এসে দাঁড়ায়। কাজের সময়: সোমবার থেকে শূক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00 টা পর্যন্ত। ফলো আপ অ্যাপয়েন্টমেন্ট নিতে ফোন করুন: (718) 250-5111</p>	<p>সাবওয়ে: F বা E ট্রেন নিয়ে Kew Gardens/Union Turnpike-এ পৌঁছে যান। "Court House/North Side" এর প্রধানপথ দিয়ে বাইরে এসে পূর্বমুখী হয়ে Queens Boulevard এ Queens Borough Hall এর পাশ দিয়ে এগিয়ে যান। 82 nd Avenue তে বাঁ দিকে যান – পথের পূর্বদিকে এই সেন্টার অবস্থিত। বাস: Q10, Q37, Q46, এবং Q60 বাসগুলি সেন্টারের কাছে এসে দাঁড়ায়। কাজের সময়: সোমবার থেকে শূক্রবার সকাল 9:00 থেকে বিকাল 5:00 টা পর্যন্ত। ফলো আপ অ্যাপয়েন্টমেন্ট নিতে ফোন করুন: (718) 575-4500</p>

সাইটে সাথী

The Arab American Family Support Center/Tamkeen	Jewish Board of Family and Children's Services	New York City Police Department
Barrier Free Living	Kings County District Attorney's Office	Queens County District Attorney's Office
Bronx County District Attorney's Office	Korean American Family Service Center	Queens Legal Services
Bronx Legal Aid Society	Legal Services NYC	Safe Horizon
CAMBA	Metropolitan Council on Jewish Poverty	Sakhi for South Asian Women
Center Against Domestic Violence	Mount Sinai Sexual Assault and Violence Intervention Program	Sanctuary for Families
Day One	New York Asian Women's Center	Sauti Yeti Center for African Women
The Financial Clinic	New York City Anti-Violence Project	Shorefront Y
Good Shepherd Services Safe Homes Project inMotion, Inc.	New York City Department of Information Technology and Telecommunications	South Brooklyn Legal Services
Jewish Association for Services for the Aged	New York City Human Resources Administration	Urban Justice Center
		Violence Intervention Program, Inc.
		W!SE (Working in Support of Education)

নিরাপদ থাকা

আপনি অত্যাচারের শিকার হলে এই পদক্ষেপগুলি আপনাকে সুরক্ষিত থাকায় সাহায্য করতে পারে:

- আপনি বিপন্ন হলে বা আপনার সাথী আপনাকে মারধোর করলে 911 এ ফোন করুন।
- হিংসাত্মক ঘটনা ঘটলে আপনার সন্তানদের পুলিশ ডাকার জন্য ফোন ব্যবহার করা ও নিরাপদ জায়গায় চলে যাওয়ার উপায় শিখিয়ে দেবেন।
- জরুরী অবস্থায় আশ্রয় নেওয়া যায় এমন একটি জায়গা বেছে নিন যা সম্পূর্ণ সুরক্ষিত, যেমন আপনার স্থানীয় পুলিশ স্টেশন।
- রাত্রে ও যখন আপনি বাড়ির বাইরে যাবেন তখন সব দরজা জানালা তালাবন্ধ করে রাখবেন।
- যাকে আপনার সন্তানদের স্কুল থেকে বাড়ি নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে তার ব্যাপারে আপনার সন্তানদের স্কুল/ডে কেয়ারে জানিয়ে রাখবেন।
- আপনার ফোন নম্বর তালিকায়-নেই-এমন শ্রেণীভুক্ত করার অনুরোধ করবেন।
- আপনার বাড়ির ঠিকানা গোপন রাখবেন এবং, সম্ভব হলে, আপনি কোথায় আছেন সে কথা অত্যাচারীকে জানাবেন না।
- একা যত্নাভ্যাস করবেন না।
- কাজে যাওয়া ও ফেরার রুট প্রায়শই পরিবর্তন করতে থাকবেন।
- সম্ভব হলে, কর্মস্থলে একজনকে আপনার কলের ব্যাপারে সতর্ক নজর রাখতে বলবেন, আপনার অফিসের ফোন নম্বর ও ইমেল ঠিকানা বদলে দিতে বলবেন এবং আপনার দৈনন্দিন সময়তালিকায় অবিরাম পরিবর্তন করবেন।
- আপনার খুব তাড়াতাড়ি চলে যেতে হলে, জরুরী দলিলপত্র সংগ্রহ করে রাখবেন:
 - পাসপোর্ট/গ্রীণ কার্ড/কাজের পার্মিট
 - মোশাল সিকিউরিটি কার্ড/জন্মের সার্টিফিকেট
 - ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ/বাড়ির ডীড (দলিল)/লীজের কাগজ
 - সুরক্ষার আদেশ (অর্ডার অফ প্রটেকশন)
 - হেপাজত (কাস্টডি)/দেখাসম্মতের আদেশ
 - বিবাহের লাইসেন্স
 - সন্তানদের টীকাকরণ/স্কুলের রেকর্ড
 - ঠিকানার বই ও একটা কলিং কার্ড
- একটা ব্যাগে টাকাকড়ি, অতিরিক্ত চাবি, জামাকাপড়, ওষুধ, ও জরুরী দলিলপত্র ভরে তা কোন নিরাপদ স্থানে বা আপনার বিশ্বস্ত কান্নুর কাছে রেখে দেবেন।

আপনি বা আপনার পরিচিত কেউ যদি পারিবারিক হিংস্রতায় শিকার হন, তাহলে সাহায্য উপস্থিত।

জরুরী অবস্থায় 911 এ ফোন করুন
সিটি-র অন্যান্য পরিষেবার জন্য, 311 এ ফোন করুন
এনওয়াইসি পারিবারিক হিংস্রতার হটলাইন:
1-800-621-HOPE (4673)
1-866-604-5350 (টিডিডি)
উপরোক্ত সবকটি সব ভাষায় 24-ঘন্টা সাহায্য করে।

অন্যান্য সংস্থান

চাইল্ড অ্যাভিউস অ্যান্ড ম্যালফ্রিটসেন্ট হটলাইন (নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টার), 1-800-342-3720
এন্ডারলি ক্রাইম ভিকটিম রিসোর্স সেন্টার (এনওয়াইসি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং), 212-442-3103
নিউ ইয়র্ক ইমিগ্রেশন হটলাইন, 1-800-566-7636
এনওয়াইপিডি সেক্স ক্রাইম রিপোর্ট হটলাইন, 212-267-RAPE (7273)
ভিকটিম ইনফর্মেশন অ্যান্ড নোটিফিকেশন এন্ডরিডে (ভাইন), (এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ কারেকশন), 1-888-VINE-4NY (846-3469)
ইয়ুথ কানেক্ট, (এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট), 1-800-246-4646



Michael R. Bloomberg
Mayor

Mayor's Office to
Combat Domestic
Violence

Yolanda B. Jimenez
Commissioner

www.nyc.gov/domesticviolence



Printed on paper containing 30% post-consumer material.